# 126624 - জীবিত প্রাণী ওজন করে বিক্রি করতে কোন আপত্তি নেই

প্রশ্ন

এমন কিছু মানুষ আছে যারা গরু, ছাগল-ভেড়া ও এ জাতীয় পশুগুলো জীবিত থাকা অবস্থায় নির্দিষ্ট মূল্যে কেজি হিসেবে বিক্রি করে। উল্লেখ্য, ক্রেতা কখনও এ প্রাণীগুলোকে নিজের কাছে রেখে দেয়ার উদ্দেশ্যে কিনে, আবার কখনও জবাই করে বিক্রি করার জন্য কিনে। উদাহরণস্বরূপ: আমরা পশুগুলোর মালিকের কাছে গিয়ে কোন একটা পশুকে ক্রয় করার জন্য পছন্দ করব; এরপর পশুকে ওজনের পাল্লায় আনা হবে এবং জীবিত অবস্থায় ওজন করা হবে এবং কিলোগ্রাম হিসেবে বিক্রি করা হবে। যেমন ধরুন প্রতি কিলো দশ রিয়াল। এই ধরণের বিক্রয়ের হুকুম কি?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

উট, গরু, ছাগল-ভেড়া ও এ জাতীয় হালাল প্রাণীকে ওজন করে বিক্রি করার ক্ষেত্রে কোন আপত্তি আছে মর্মে আমরা জানি না; চাই সেই প্রাণী জীবিত হোক কিংবা জবাইকৃত হোক। আল্লাহ্‌ তাআলার এই বাণী: ‘আল্লাহ্‌ বেচাবিক্রিকে হালাল করেছেন এবং সুদকে হারাম করেছেন।’[সূরা বাক্বারা, আয়াত: ২৭৫] ও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী: ‘যখন তাঁকে জিজ্ঞেস করা হয়েছিল: কোন উপার্জন সর্বোত্তম? তিনি বলেন: ব্যক্তির নিজ হাতের কর্ম এবং প্রত্যেক বৈধ বিক্রয়’- এর সার্বিকতার দলিলের ভিত্তিতে এবং যেহেতু এমন বিক্রয়ে কোন অস্পষ্টতা নেই ও ঠকবাজি নেই। আল্লাহ্‌ই তাওফিকের মালিক।[সমাপ্ত]

মাজমুউ ফাতাওয়া বিন বায (১৯/৩৮)